গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা

স্মারক নং- ১০.০৭.০০০১.০০১.১৮.০০৪.২১-১৪

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২৩ মে ২০২৬

**প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য নিয়োগ বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তরের অধীনস্থ সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটি কর্তৃক পরিচালিত আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থী জনগণের মামলা উচ্চ আদালতে দায়েরযোগ্য বা দায়েরকৃত মামলার পরামর্শ, প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনার জন্য প্যানেল আইনজীবীর তালিকা হালনাগাদ করার জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন আইনজীবীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

**শর্তাবলি:**

১। সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। উক্ত ফরম অফিস চলাকালীন সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসে ও বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে (https://supremecourt.gov.bd) পাওয়া যাবে।

২। আবেদনকারীকে বাংলাদেশ সুপ্রীম কোর্টে দায়েরযোগ্য বা দায়েরকৃত মামলার পরামর্শ প্রদান ও মামলা পরিচালনার জন্য সুপ্রীম কোর্টের মামলা পরিচালনায় অন্যূন ০৫ (পাঁচ) বছর মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

৩। সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য নিয়োগ দেওয়া হবে। তবে পারফরমেন্সের ভিত্তিতে উক্ত নিয়োগ নবায়নযোগ্য। বর্তমানে যারা প্যানেল আইনজীবী হিসেবে কাজ করছেন, তাদেরকেও এই বিজ্ঞপ্তি মোতাবেক নতুন করে আবেদন করতে হবে। নতুন প্যানেল অনুমোদিত হওয়ার সঙ্গেসঙ্গে পুরাতন প্যানেল বিলুপ্ত হয়ে যাবে।

৪। মামলা পরিচালনা/প্রতিদ্বন্দ্বিতা ও আইনগত পরামর্শের জন্য প্রত্যেক প্যানেল আইনজীবী আইনগত সহায়তা প্রদান প্রবিধানমালা, ২০১৫ কর্তৃক অনুমোদিত হারে 'ফি' প্রাপ্ত হবেন। বিচারপ্রার্থীর নিকট হতে কোন প্রকার ফি বা বাড়তি খরচাদি দাবি করতে পারবেন না বা গ্রহণ করবেন না।

৫। মামলার সাথে সম্পৃক্ত আনুষঙ্গিক খরচাদির প্রকৃত ব্যয় নির্বাহ করা হবে।

৬। নিয়োগকৃত আইনজীবীকে প্রতিমাসে নিয়োগকৃত মামলার অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ফরম্যাটে সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার বরাবর দাখিল করতে হবে।

৭। তালিকাভূক্ত কোন আইনজীবী উল্লিখিত বিষয়াবলী প্রতিপালন করতে ব্যর্থ হলে কিংবা মামলা মোকদ্দমা পরিচালনায় গাফিলতি বা অবহেলা প্রদর্শন করলে সুপ্রীম কোর্ট কমিটি উক্ত আইনজীবীকে যুক্তিসংগত শুনানির সুযোগ প্রদান করে প্যানেল হতে তার নাম কর্তন করতে পারবে।

৮। যদি কোন প্যানেল আইনজীবী প্যানেল থেকে পদত্যাগ করতে ইচ্ছা প্রকাশ করেন, তাহলে ০৩ (তিন) মাস পূর্বে সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসকে তা লিখিতভাবে জানাতে হবে।

৯। কর্তৃপক্ষ যে-কোন আবেদনপত্র কোন কারণ প্রদর্শন ব্যতীত গ্রহণ/বাতিল করার ক্ষমতা রাখে।

১০। সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটি কর্তৃক নির্ধারিত আবেদন ফরম পূরণ করে প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্রসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে।

১১। দরখাস্ত জমা দেওয়ার শেষ সময় ৩০ জুন ২০২৬ তারিখ অফিস সময় পর্যন্ত।

১২। সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ, পেশাগত যোগ্যতার (বার কাউন্সিল) সাময়িক সনদ, হাইকোর্ট পারমিশন সনদ, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি, বর্তমান ঠিকানা সম্বলিত ভিজিটিং কার্ড (যদি থাকে), সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির মেম্বারশীপ আইডি কার্ড ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

১৩। পদ সংখ্যা প্যানেল আইনজীবী তালিকা প্রণয়ন কমিটি কর্তৃক নির্ধারিত হবে।

১৪। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

24/05/2026

**মোঃ ইমতিয়াজুল ইসলাম**
সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার
(অতিরিক্ত জেলা ও দায়রা জজ)
ও
সদস্য-সচিব
সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটি

**বিতরণঃ**

১। বাংলাদেশ সুপ্রীম কোর্ট-এর ওয়েবসাইট
২। বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির নোটিশ বোর্ড
৩। অ্যাটর্নি জেনারেল অফিস-এর নোটিশ বোর্ড
৪। সুপ্রীম কোর্ট রেজিস্ট্রি অফিস-এর নোটিশ বোর্ড
৫। সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস-এর নোটিশ বোর্ড
৬। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, (বিজ্ঞপ্তিটি সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)

তারিখঃ ..................

বরাবর,

মাননীয় সভাপতি
প্যানেল আইনজীবী তালিকা প্রণয়ন কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা

ছবি

**বিষয়: প্যানেল আইনজীবী হিসেবে তালিকায় নাম অন্তর্ভুক্ত/নবায়ন প্রসঙ্গে।**

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি ......................................... বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট/আপীল বিভাগে বিগত .......... বছর যাবৎ নিয়মিতভাবে আইনপেশা পরিচালনা করে আসছি। বাংলাদেশ সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটির অধীনে আর্থিকভাবে অসহায়, অস্বচ্ছল ও গরীব জনগণের মামলা উচ্চ আদালতে পরিচালনা/প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আমি প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভূক্ত হতে ইচ্ছুক। সেজন্য আমার আবেদনপত্র বিবেচনার জন্য নিম্নে আমার প্রয়োজনীয় জীবন-বৃত্তান্ত আপনার সমীপে পেশ করলাম-

১। আবেদনকারীর নাম : ..........................................................................................

২। পিতার নাম : ...........................................................................................

৩। মাতার নাম : ............................................................................................

৪। বর্তমান ঠিকানা : ............................................................................................

৫। স্থায়ী ঠিকানা : ............................................................................................

৬। চেম্বার ঠিকানা : ............................................................................................

৭। নিজ জেলা : ........................ ৮। জন্ম তারিখ :..................৯। জাতীয়তা :..................

১০। সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা : ....................................................................................

১১। হাইকোর্ট পারমিশন এনরোলমেন্ট তারিখ ও মেম্বারশীপ নম্বর : ....................................................

১২। পেশাগত অভিজ্ঞতা : ............. বছর ১৩। মোবাইল/ফোন নম্বর : ...................................

১৪। সুপ্রীম কোর্ট লিগ্যাল কমিটির তালিকায় অন্তর্ভূক্ত হওয়ার তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে) : ....................................

১৫। যে-ধরণের মামলা পরিচালনা করতে আগ্রহী : দেওয়ানী/ফৌজদারি/জেল আপীল/ রীট

**সংযুক্তি:** (বিজ্ঞপ্তির ১২ নং দফা অনুযায়ী)

১।

২।

৩।

৪।

৫।

৬।

৭।

নিবেদক

_______________________

স্বাক্ষর: